**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

নথি নং ২(৯) শুল্কঃ রপ্তানী ও বন্ড/৯৬/৩৭ তারিখঃ ০৪-০১-২০০০ ইং

অফিস স্মারক

**বিষয়: রপ্তানীমূখী প্রক্রিয়াকরণ এলাকার জন্য এবং তথায় অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের জন্য পণ্য আমদানি প্রসংগে।**

সূত্র : প্রধান মন্ত্রীর কার্যালয়-এর পত্র নং ৫১.৫৮.০৭.০.০.১.৯৯ (অংশ-২) / ১৪১(১০), তারিখ ২৪-৪-২০০০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচেছ যে, বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল গভর্ণর বোর্ড সচিবালয়ের ৮ম সভার কার্যবিবরণীয় আলোচ্য সূচীর ৬-এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের মতামত নিম্নরূপঃ

(ক) ইপিজেড এ্যাক্ট ১৯৮০ এর সেকশন ৭(ই) এফ, প্রাইভেট ইপিজেড এ্যাক্ট ১৯৯৫ এর ধারা ৭(ক), (খ) ও ধারা ১৫ এর আওতায় আলোচ্য প্রকৃতির মালামাল অন্তর্ভূক্ত হবে- মর্মে সংশ্লিষ্ট ইপিজেড এর 'গভর্ণর বোর্ড' সিদ্ধান্ত দিয়ে বন্ড পদ্ধতিতে এসব পণ্যের শুল্ককর মওকুফ করতে জাতীয় রাজস্ব বোর্ড আপত্তি করবে না।

(খ) রাংগুনিয়া ইপিজেড যথাশীঘ্র বন্ড এলাকা/ ওয়্যারহাউজিং ষ্টেশন ঘোষণার জন্য সংশ্লিষ্ট বেসরকারী ইপিজেড কর্তৃপক্ষ কর্তৃক এলাকার ম্যাপসহ কাস্টম হাউজ চট্টগ্রাম বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে। শুল্ক ভবনের মতামত প্রাপ্তির পর ইপিজেড কর্তৃপক্ষ থেকে তথ্য/দলিলাদি পাওয়া সাপেক্ষে বোর্ড হতে "ওয়্যার হাউজিং" স্টেশন ঘোষণা করা হবে। অত:পর সংশ্লিষ্ট কমিশনার বন্ড লাইসেন্স ইস্যু করবেন। এসব প্রক্রিয়া সম্পন্নের আগেই তালিকাভুক্ত মালামাল আমদানি হবে প্রকল্প কর্তৃপক্ষ হতে "প্রকল্প কর্তৃপক্ষ এসব পণ্যের যথাযথ ব্যবহার নিশ্চিত করবেন ও এর ব্যত্যয় হলে পণ্যের শুল্ক-কর প্রদান করবেন"- মর্মে অংগীকারনামা নিয়ে এবং যথাযথভাবে দাবীনামা জারী করে এসব পণ্য খালাস করা যাবে। ওয়্যারহাউজিং স্টেশন ঘোষণা ও বন্ড লাইসেন্স প্রদানের পর প্রকল্পে পণ্যের ব্যবহার হয়েছে- মর্মে শুল্ক কর্তৃপক্ষের নিশ্চিত হওয়ার পর বন্ড রেজিস্টারে সে মর্মে এন্ট্রি করতে হবে।

স্বাক্ষরিত/-
(মো: মুজিবুর রহমান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)